

## ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন ছালাতের পরিচয় (صفة صلوات متفرقة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ১১. ছালাতুত তাওবাহ (مسلاة القوية)

অনুতপ্ত হয়ে ক্ষমা প্রার্থনার জন্য বিশেষভাবে যে নফল ছালাত আদায় করা হয়, তাকে 'ছালাতুত তাওবাহ' বলা হয়। আবুবকর (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে বলতে শুনেছি যে, কোন লোক যদি গোনাহ করে। অতঃপর উঠে দাঁড়ায় ও পবিত্রতা অর্জন করে এবং দু'রাক'আত ছালাত আদায় করে। অতঃপর আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করে। আল্লাহ তাকে ক্ষমা করে দেন।[1] ত্বাবারাণী কাবীরে 'হাসান' সনদে আবুদ্দারদা (রাঃ) হ'তে 'মরফূ' সূত্রে বর্ণিত হয়েছে যে, উক্ত ছালাত দুই বা চার রাক'আত ফর্য কিংবা নফল পূর্ণ ওযু ও সুন্দর রুকূ-সিজদা সহকারে হ'তে হবে। [2] তওবার জন্য নিম্নের দো'আটি বিশেষভাবে সিজদায় ও শেষ বৈঠকে সালাম ফিরানোর পূর্বে পাঠ করা উচিৎ।-

أَسْتَغْفِرُ اللهَ الَّذِي لآ إِلهَ إِلاَّ هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ وَأَتُوْبُ إِلَيْهِ ـ

উচ্চারণ : আস্তাগফিরুল্লা-হাল্লাযী লা ইলা-হা ইল্লা হুওয়াল হাইয়ুল কাইয়ুমু ওয়া আতূবু ইলাইহে।

অনুবাদ: 'আমি ক্ষমা প্রার্থনা করছি সেই আল্লাহর নিকটে যিনি ব্যতীত কোন উপাস্য নেই। যিনি চিরঞ্জীব ও বিশ্ব চরাচরের ধারক এবং তাঁর দিকেই আমি ফিরে যাচ্ছি বা তওবা করছি'।[3] 'সাইয়েদুল ইস্তেগফার' দো'আটিও এর সাথে যোগ করা ভাল (দ্র: দো'আ নং ১৩)।

## ফুটনোট

- [1] . আবুদাউদ, নাসাঈ, ইবনু মাজাহ, বায়হাক্কী, তিরমিযী, হাদীছ হাসান; ফিক্কহুস সুন্নাহ ১/১৫৯; মিশকাত হা/১৩২৪ 'ঐচ্ছিক ছালাত' অনুচ্ছেদ-৩৯; আলে ইমরান ৩/১৩৫।
- [2] . ত্বাবারাণী কাবীর, আহমাদ হা/২৭৫৮৬; ছহীহাহ হা/৩৩৯৮; ছহীহ আত-তারগীব হা/২৩০।
- [3] . তিরমিয়ী, আবুদাউদ, মিশকাত হা/২৩৫৩ 'দো'আ সমূহ' অধ্যায়-৯, 'ক্ষমা প্রার্থনা ও তওবা করা' অনুচ্ছেদ-৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9258

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন